যুগান্তর

তারিখ 02 APR 2015
পৃষ্ঠা ১৮ কলাম ৬

জাতীয় বিশ্ববিদ্যালয়

# প্রথম বর্ষ স্নাতকের রেজিস্ট্রেশন ফি জমা দেয়ার সময় বৃদ্ধি

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৪-১৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীর রিলিজ স্লিপে ভর্তি করা ও ১ম বর্ষ স্নাতক (পাস) এবং ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ১ম মেধা তালিকায় ভর্তি করা শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফি 'সোনালী সেবা'-এর মাধ্যমে নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার সময় ৫ এপ্রিল-পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এ সংক্রান্ত অন্যান্য তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd এবং www.nubd.info থেকে জানা যাবে। বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও প্রকাশন দফতর সূত্রে এ তথ্য জানা গেছে।